কর্ণফুলী পেপার মিলস্ লিমিটেড

চন্দ্রঘোনা, রাঙ্গামাটি পার্বত্য জেলা

আগামী ১১ জুন -২০২৪ খ্রিঃ তারিখে কেপিএম লিঃ এ অনুষ্ঠিতব্য যৌথ দরকষাকষি প্রতিনিধি(সিবিএ) নির্ধারণী নির্বাচন উপলক্ষে প্রতিদ্বন্দ্বী ট্রেড ইউনিয়ন সমূহের জন্য অনুসরণীয় আচরণ-বিধি ঃ-

১। প্রতিদ্বন্দ্বী ট্রেড ইউনিয়নের কারো বিরুদ্ধে অশোভন আচরন, কুযুক্তি, উস্কানিমূলক অঙ্গভঙ্গি, ব্যক্তিগতভাবে কাউকে আক্রমন বা কারো বিরুদ্ধে উস্কানিমূলক বক্তব্য দেওয়া এবং কোন প্রকার ধর্মীয় অনুভূতির উপর আঘাত করা যাবে না।

২। কোন দলের প্রচারনায় বাধা দেয়া যাবে না।

৩। কোন দলের পক্ষে বা বিপক্ষে ভোট দেয়া/না দেয়ার জন্য চাপ সৃষ্টি বা ভয় ভিতি প্রদর্শন করা যাবে না।

৪। কোন দলের পোষ্টার, ইসতেহার, হ্যান্ডবিল, লিফলেট নষ্ট করা যাবে না। এক দলের পোষ্টার/ লিফলেটের উপর অন্য দলের পোষ্টার, হ্যান্ডবিল বা লিফলেট লাগানো যাবে না। কোন রঙ্গিন পোষ্টার ব্যবহার করা যাবে না। পোষ্টারের মাপ ১৮" X ২৩" হবে। পোষ্টার / লিফলেট বাসা-বাড়ী, অফিস, কারখানা অভ্যন্তরে ও দেয়ালে লাগানো যাবে না। তবে পোষ্টার রশি দিয়ে কারখানার বাহিরে ঝুলানো যাবে।

৫। নির্বাচনে ০৯.০৬.২০২৪খ্রি. রাত ১২ঘটিকার পর থেকে কোন মাইক বা কারখানা ও আবাসিক এলাকায় শব্দদূষন সৃষ্টি করে এমন কোন যন্ত্র ব্যবহার করা যাবে না।

৬। ভোট গ্রহন কালে কাউকে ভোট প্রদানে বাধা দেয়া যাবে না এবং ভোট কেন্দ্রে কোন ভোটার মোবাইল বহন বা ব্যবহার করতে পারবে না।

৭। ১১/০৬/২০২৪ খ্রিঃ তারিখ ভোট শুরু হতে শেষ না হওয়া পর্যন্ত জিএম রোড এর পশ্চিম মাথা হতে কারখানার ১নং গেইট সংলগ্ন কালভার্টের পাশের গেইট এবং ২নং গেইট হতে গোলাপ কোরম্যানের দোকান পর্যন্ত কোন প্রকার নির্বাচনী প্রচার বা ভোটারের নিকট ভোট প্রার্থনা করা যাবে না।

৮। পুলিং বুথের মাঠের অভ্যন্তরে পোষ্টার, নির্বাচনী ইসতেহার, লিফলেট বা হ্যান্ডবিল লাগানো/বিলি করা যাবে না।

৯। নির্বাচন উপলক্ষে প্রতিদ্বন্দ্বী সংগঠনসমূহ শুধুমাত্র নিজের ব্যাচ ০৮/০৬/২০২৪ ইং হতে ০৯/০৬/২০২৪ খ্রিঃ পর্যন্ত ব্যবহার করতে পারবে। তবে আগামী ১০/০৬/২০২৪ ইং হতে ১১/০৬/২০২৪ খ্রিঃ পর্যন্ত ব্যবহার করতে পারবে না।

১০। দেয়ালে কিছু লিখা / চিকা মারা যাবে না। যদি ইতোমধ্যে লেখা হয়ে থাকে তা নিজ দায়িত্বে মুছে ফেলতে হবে এবং নতুন ভাবে অন্য কিছু আর দেয়ালে লেখা যাবে না।

১১। অর্থ কিংবা কারখানার স্বার্থ বিরোধী অবৈধ কোন প্রতিশ্রুতি দিয়ে নির্বাচন কে প্রভাবিত করা যাবে না।

১২। কারখানা এলাকায় অস্ত্র লাইসেন্সধারী ব্যক্তি/ব্যক্তিবর্গ আগামী ১০/০৬/২০২৪ খ্রিঃ হতে ১২/০৬/২০২৪ খ্রিঃ পর্যন্ত কোন প্রকার অস্ত্র বহন করতে পারবে না।

১৩। ভোটার কার্ড হস্তান্তর করা দৃঢ়ভাবে নিষিদ্ধ। পরিচয়পত্র ছাড়া কেউ ভোট প্রদান করতে পারবে না।

১৪। কারখানা বা স্থানীয় জনপ্রতিনিধি বা প্রশাসনের কর্মকর্তা দ্বারা নির্বাচনকে কোন প্রকার প্রভাবিত করা যাবে না।

১৫। বল প্রয়োগ বা প্রতারনামূলক আচরন দ্বারা ভোট প্রদানে ব্যাঘাত সৃষ্টি বা ভোট প্রদান হতে বিরত রাখার চেষ্টা করা যাবে না।

১৬। আগামী ০৯/০৬/২০২৪ ইং তারিখের রাত ১১.৫৯ টা হতে নির্বাচন শেষ না হওয়ার পূর্ব পর্যন্ত একক/দলবদ্ধভাবে নির্বাচনী প্রচারনা করা যাবে না।

১৭। সারিবদ্ধভাবে ভোট প্রদানে সহায়তা করতে হবে। কোন প্রকার বিশৃঙ্খলামূলক আচরন করা যাবে না।

১৮। ভোটারকে আকৃষ্ট করার জন্য কাউকে কোন অবৈধ সুবিধা দিবার উদ্দেশ্যে কারখানা কর্তৃপক্ষের উপর বে-আইনী চাপ সৃষ্টি করা যাবে না।

১৯। প্রতিদ্বন্দ্বী সংগঠনসমূহ নির্বাচনী অফিসসহ অন্যান্য অফিসে সর্বোচ্চ ৫টি ব্যানার ব্যতীত অন্য কোন তোরন, গেঞ্জি, ক্যাপ বা অন্য কোন রূপ/আর্কষনীয় পোষ্টার তৈরি করা যাবে না। যদি ব্যানার থাকে তা নিজ উদ্যোগে নির্বাচনের পরদিন সরিয়ে নিবে।

২০। কোন বহিরাগত এবং দৈনিক ভিত্তিক শ্রমিক নির্বাচনী প্রচারনা কাজে অংশ নিতে পারবে না এবং একই সাথে ভোটের অংশগ্রহণকারী সংগঠনসমূহ তাদের ভোটের কাজে ব্যবহার করতে পারবে না। এছাড়া ভোটার ব্যতীত অন্য কেউ নির্বাচনী প্রচারনা ও ভোট সংশ্লিষ্ট কর্মকান্ডে অংশ নিতে পারবে না। কারখানায় কর্মরত স্থায়ী ও দৈনিক ভিত্তিক সিকিউরিটি গার্ড, আনসার সদস্য যে কোন প্রকার নির্বাচনী সংশ্লিষ্ট কাজে অংশ নিতে পারবে না। এরূপ অমান্যকারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২১। নির্বাচনী কাজে কোন শ্রমিক ইউনিয়ন কারখানার গাড়ী ব্যবহার করতে পারবে না। কারখানা নিজস্ব যানবাহন এবং মালামাল আনা নেয়ার কাজে ব্যবহৃত গাড়ী ছাড়া মিল অভ্যন্তরে সাইকেল ও সকল প্রকার যন্ত্রচালিত যানবাহন (বাস, ট্রাক, সিএনজি, মাইক্রোবাস, মোটরসাইকেল) প্রবেশ/চলাচল বন্ধ থাকবে। যানবাহন প্রবেশের বিষয়টি পুলিশ ও কেপিএম নিরাপত্তা শাখা প্রবেশ পথের সকল চেক পয়েন্ট স্থাপনার মাধ্যমে নিয়ন্ত্রনের ব্যবস্থা গ্রহন করবেন। আগামী ১০/০৬/২০২৪ ইং তারিখের রাত ৮.০০ ঘটিকা হতে ১১/০৬/২০২৪ ইং তারিখের রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত কেপিএম এর অভ্যন্তরে সকল প্রকার যান চলাচল বন্ধ থাকবে। শুধুমাত্র নির্বাচনী দায়িত্বে নিয়োজিত সরকারী প্রতিনিধি, জেডিএল কর্মকর্তা ও কারখানার উৎপাদন কাজে ব্যবহৃত যানবহন এবং শুধুমাত্র অসুস্থ ব্যক্তি এ নিয়মের আওতামুক্ত থাকবে।

২২। প্রিজাইডিং অফিসার, পোলিং অফিসার, পোলিং এজেন্ট, কারখানার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীর সদস্য ও ভোট দানের উদ্দেশ্যে পরিচয় পত্র বহনকারী শ্রমিক/কর্মচারী ছাড়া অন্য কেউ ভোট কেন্দ্রে প্রবেশ করতে পারবে না।

২৩। নির্বাচন শেষে কোন সংগঠন শোভাযাত্রা বা শ্লোগান দিতে পারবে না এবং কোন রকম বং ছিটানো বা বাঁশি বাজিয়ে বিশৃঙ্খলা সৃষ্টি করতে পারবে না।

২৪। কেপিএম কেপিআই গ্রেড-১ ভুক্ত সরকারী প্রতিষ্ঠান বিধায় নির্বাচন শেষ না হওয়া পর্যন্ত মিল অভ্যন্তরে একক বা দলগতভাবে নির্বাচনী প্রচার করা যাবে না এবং কর্মস্থল ত্যাগ করে কেউ নির্বাচনী প্রচারনায় অংশ গ্রহন করতে পারবে না।

২৫। ১০/০৬/২০২৪খ্রিঃ হতে ১১/০৬/২০২৪খ্রিঃ পর্যন্ত প্রতিদিন রাত ১২.০০ ঘটিকা হতে সকাল ৮.০০ টা পর্যন্ত সকল শ্রমিক সংগঠনের অফিস বন্ধ রাখতে হবে। রাস্তাঘাট/আবাসিক এলাকায় রাত ১২.০০ ঘটিকার পর জরুরী কোন প্রয়োজন ছাড়া মিল এলাকায় ঘোরাফেরা করা যাবে না। তবে কারখানার উৎপাদনের স্বার্থে জরুরী প্রয়োজনে কারখানায় আসা-যাওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে পরিচয় পত্র বহন করতে হবে।

২৬। প্রতিদ্বন্দ্বী সংগঠনসমূহের জন্য ব্যবহৃত স্ব-স্ব অফিস ব্যতীত অন্য কোন অফিস ব্যবহার করতে পারবে না।

২৭। জেডিএল এর প্রদত্ত সকল নিয়মকানুন এবং সকল সিদ্ধান্ত মানতে বাধ্য থাকবে।

২৮। বর্ণিত আচরন বিধিসমূহ যথাযথভাবে পালন করা হচ্ছে কিনা তা কেপিএম কর্তৃপক্ষ কর্তৃক গঠিত মনিটরিং কমিটি তদারকি করবেন। বর্ণিত আচরন লঙ্ঘনকারীদের বিরুদ্ধে কমিটির সিদ্ধান্ত চুড়ান্ত বলে বিবেচিত হবে। কোন প্রকার ওজর/আপত্তি গ্রহন করা হবে না।

২৯। বৈধ ভোটার নির্ধারিত সময়ের মধ্যে সরাসরি ভোট কেন্দ্রে উপস্থিত হয়ে গোপন ব্যালট এর মাধ্যমে ভোট প্রদান করবেন। অগ্রিম ভোট বা প্রতিনিধির মাধ্যমে ভোট প্রদান করা যাবে না।

৩০। ভোট গ্রহনের পর পরই যথাশীঘ্রই সম্ভব ভোট গননা শুরু করা হবে। ভোটার পন ভোট প্রদান শেষে, ভোট কেন্দ্রে বা উহার নিষিদ্ধ এলাকার (২০০ গজ) মধ্যে অবস্থান করতে পারবেন না।

৩১। কোন ভোটার ভোট দিতে এসে ব্যালট পেপার বুঝতে বা ভোট প্রদানে কোন অসুবিধার সম্মুখীন হলে তিনি দায়িত্বরত প্রিজাইডিং অফিসার এর সাহায্য নিতে পারবেন।

৩২। ভোট গ্রহনের দিন বিকাল ৩.০০ টার মধ্যে যেই সকল ভোটার ভোট কেন্দ্রের মধ্যে উপস্থিত থাকবেন ভোট গ্রহনের নির্ধারিত সময় অতিক্রম হলেও তাদের ভোট গ্রহন করা হবে।

৩৩। নির্বাচনের দিন অর্থাৎ ১১/০৬/২০২৪খ্রিঃ তারিখ প্রার্থীদের নির্বাচনী তাবু অবশ্যই নির্বাচন কেন্দ্রের ১৪৪ গজের বাইরে হতে হবে।

৩৪। নির্বাচনের বেসরকারী ফলাফল ১১/০৬/২০২৪খ্রিঃ চূড়ান্ত ফলাফল ঘোষনা করা হবে।

৩৫। সুষ্ঠু, সুন্দর, অবাধ, নিরপেক্ষ ও প্রভাবমুক্ত নির্বাচনের স্বার্থে প্রতিদ্বন্দ্বী ট্রেড ইউনিয়নসমূহ নিম্নরূপভাবে সভা-সমাবেশ, মিছিল-মিটিং করতে পারবে ঃ-

দলের নাম	গণ সংযোগ	মিটিং (যার যার অফিসে)
(ক) কেপিএম শ্রমিক কর্মচারী পরিষদ (রেজি নং চট্ট-২৬২১)	বিকাল ৫.০০ ঘটিকা হতে সন্ধ্যা ৬.০০ ঘটিকা পর্যন্ত তারিখ: ০৯/০৬/২০২৪খ্রিঃ	সন্ধ্যা ৭.০০ ঘটিকা হতে ৮.৩০ ঘটিকা পর্যন্ত তারিখ ০৯/০৬/২০২৪ইং
(খ) কেপিএম ওয়ার্কার্স ইউনিয়ন, (রেজি নং-বি-২৭৫০)	বিকাল ৩.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত তারিখ: ০৯/০৬/২০২৪খ্রিঃ	রাত ৮.৩০ ঘটিকা হতে রাত ১০.০০ ঘটিকা পর্যন্ত তারিখ ০৯/০৬/২০২৪ইং

৩৬। বর্ণিত আচরন বিধিসমূহ অদ্য ০৮/০৬/২০২৪ ইং তারিখে অনুষ্ঠিত যৌথ সভার পর হতে ক) কেপিএম শ্রমিক কর্মচারী পরিষদ খ) কেপিএম ওয়ার্কার্স ইউনিয়নের সকল সদস্য আবশ্যিকভাবে আচরন-বিধি মেনে চলতে বাধ্য থাকবেন। অন্যথায় অমান্যকারীর বিরুদ্ধে কর্তৃপক্ষ কর্তৃক প্রশাসনিক / আইনানুগ/চাকুরীবিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে।

আলোচনাশেষে ভারপ্রাপ্ত কর্মকর্তা, কাপ্তাই থানা সভায় উল্লেখ করেন যে, কেপিএম কেপিআই মানের একটি প্রতিষ্ঠান। আসন্ন সিবিএ নির্বাচনে সকলে শান্তি শৃংঙ্খলা বজায় রেখে ভোট প্রদান করবেন । থানা প্রশাসন আপনাদের সর্বদা সহায়তা করবে। উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রতিনিধি জানান যে, পূর্বের ধারাবাহিকতায় কেপিএম এর শ্রমিক, কর্মচারী তাদের সিবিএ নির্বাচনের সুষ্ঠভাবে ভোট প্রদান করবে। কেউ বাধা/বল প্রয়োগ করলে আমরা তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নিবো। কোন ধরনের আপত্তিকর ঘটনার দায় আমরা এড়াতে পারবো না। তাই সকলে সতর্ক থাকবেন। আশা রাখি কেপিএম লি: এর সিবিএ নির্ধারনী নির্বাচনে অংশ গ্রহনকারী সকল শ্রমিক সংগঠন তাদের পূর্বের ঐতিহ্য বজায় রাখবে ।

সর্বশেষে কেপিএম লি: এর সুযোগ্য ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক, জনাব মো: মজিদুল ইসলাম সকল দলের নেতৃবৃন্দেরকে আগামী ১১/০৬/২০২৪খ্রিঃ অনুষ্ঠিতব্য সিবিএ নির্বাচনে সকলকে শান্তি শৃংঙ্খলা বজায় রেখে নির্বাচনী প্রচারনা করার জন্য নির্দেশ প্রদান করেন। অতপর সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এস এম এমরান হোসেন)
সাধারন সম্পাদক
কেপিএম ওয়ার্কার্স ইউনিয়ন
রেজি নং চট্ট-২৭৫০
কেপিএম লিঃ

(কাজী আবু সরোয়ার)
সাধারন সম্পাদক
কেপিএম শ্রমিক কর্মচারী পরিষদ
রেজি নং চট্ট-২৬২১
কেপিএম লিঃ

(মো: নাছির)
সভাপতি
কেপিএম ওয়ার্কার্স ইউনিয়ন
রেজি নং চট্ট-২৭৫০
কেপিএম লিঃ

(মোঃ আবদুল রাজ্জাক)
সভাপতি,
কেপিএম শ্রমিক কর্মচারী পরিষদ
রেজি নং চট্ট-২৬২১
কেপিএম লিঃ

চাম্পা চাকমা
ডিসিএল ক্যাম্প ইনচার্জ
কেপিএম লিঃ,চন্দ্রঘোনা।

(মো: নুরুল আলম)
উপ সহ কারিপরী কর্মকর্তা
নিরাপত্তা/ফায়ার/শ্রমকল্যান
কেপিএম লিঃ

(মো: আসিফ মঈনুদ্দীন)
বন কর্মকর্তা
কেপিএম লিঃ

(শামীম আহমদ)
রসায়নবিদ
আইন ও সম্পত্তি
কেপিএম লিঃ

(আব্দুল্লাহ আল মাহমুদ)
ব্যবস্থাপক (প্রশাসন) ও
প্রশাসন বিভাগীয় প্রধান
কেপিএম লিঃ

(মো: আবুল কালম)
অফিসার ইনচার্জ
কাপ্তাই থানা

(বরুন কান্তি চাকমা)
প্রশাসনিক কর্মকর্তা
প্রতিনিধি, উপজেলা নির্বাহী
অফিসার

(মোঃ মফিজুল হক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কাপ্তাই

(মো: মজিদুল ইসলাম)
ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক
কেপিএম লিঃ